

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
একাডেমিক শাখা-১

স্মারক নং: খুবি/একা-২১৩/২০২১-২১০

তারিখ: ১৪/০৫/২০২৬ খ্রি.

জুলাই ২০২৬ সেশনে Ph.D. প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি


খুলনা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের আওতাধীন ডিসিপ্লিন / ইনস্টিটিউট সমূহে জুলাই ২০২৬ সেশনে ph.D. ফেলো ভর্তির লক্ষ্যে শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নলিখিত শর্তে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলী:

- ১। সংশ্লিষ্ট অ্যালাইড বিষয়ে খুলনা বিশ্ববিদ্যালয় অথবা দেশের অন্য কোন সরকারি বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ডিগ্রি থাকতে হবে অথবা অন্য কোন দেশি- বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ডিগ্রি (যা UGC কর্তৃক সমমানের ডিগ্রি হিসেবে স্বীকৃত) থাকতে হবে।
- ২। প্রার্থীকে কমপক্ষে ১৭ বছর শিক্ষাকাল শেষ করতে হবে।
- ৩। বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি অর্জনকারীদের ক্ষেত্রে UGC কর্তৃক অনুমোদনের প্রমাণপত্র এবং অনুমোদিত ক্যাম্পাস থেকে ডিগ্রি অর্জনের প্রমাণপত্র দাখিল করতে হবে।
- ৪। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় যে কোন একটিতে প্রথম বিভাগ (জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ এবং ৫.০০ এর মধ্যে ৩.৫০) এবং স্নাতক ও স্নাতোকোত্তর ডিগ্রির যে কোন একটিতে প্রথম শ্রেণি (সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.০০ এবং ৫.০০ এর মধ্যে ৩.৫০) থাকতে হবে।
- ৫। কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
- ৬। থিসিস ছাড়া স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে প্রথম লেখক হিসেবে কমপক্ষে Peer-reviewed জার্নালে একটি প্রকাশনা থাকতে হবে।

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখঃ আগামী ১১/০৬/২০২৬ খ্রি.।

ভর্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.ku.ac.bd এবং সংশ্লিষ্ট স্কুলের ডিন অফিসে যোগাযোগ করার জন্য বলা হলো।



(প্রফেসর ড. এস এম মাহবুবুর রহমান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক নং: খুবি/একা-২১৩/২০২১-

তারিখ: ১৪/০৫/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। ডিন, সকল স্কুল, খুবি
- ২। প্রধান, সকল ডিসিপ্লিন, খুবি
- ৩। পরিচালক, আইসিটিসেল, খুবি (খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। সংশ্লিষ্ট নথি
- ৫। গার্ড ফাইল


(নাহিদ পারভীন)
উপ-রেজিস্ট্রার ও শাখা প্রধান
একাডেমিক শাখা-০১